

3 (Sem-5) BEN M 2

2 0 1 9

BENGALI

( Major )

Paper : 5.2

Full Marks : 60

Time : 3 hours

*The figures in the margin indicate full marks  
for the questions*

১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×৭=৭

- (ক) 'সারেঙ' গল্পের বয়লারের খালাসির নাম কী ?
- (খ) ফৌজী সংকেতে আগুহল্ট স্টেশনের নাম কী ছিল ?
- (গ) বাংলা স্কুলের ছেলেরা ধনিয়ার বাড়িটির কী নাম দিয়েছে ?
- (ঘ) 'গাছ' গল্পটি কার লেখা ?
- (ঙ) "এঁয়া, এ কি হচ্ছে বিমল বাবু, ভাঙা মন্দিরে চুনকাম।" 'ভাঙা মন্দির' বলতে কী বোঝানো হয়েছে ?
- (চ) প্রসাদী ডোম মোট কত বছর জেল খেটেছিল ?
- (ছ) ফার্স্ট টার্মিনাল পরীক্ষায় পণ্ডিতজীর হাতে সংস্কৃতে ইন্দু কত নম্বর পেয়েছিল ?



( 2 )

২। সংক্ষিপ্ত উত্তর দাও :

২×৪=৮

- (ক) “বামাল সরাতে পারেনি চোর, বউর বিছানার গোড়াতেই ফেলে এসেছে।” চোর ও বউ-এর নাম কী ?
- (খ) “দরকার অবশ্য নেই, কিন্তু তোমাকে কেমন যেন ভৌতিক ভৌতিক লাগছে, তাই—” বক্তা কে? তিনি কাকে একথা বলেছেন ?
- (গ) ‘চতুর্থ পাণিপথের যুদ্ধ’ গল্পে কাদের ‘সোনাব্যাঙ’ ও ‘কোলাব্যাঙ’ বলা হয়েছে ?
- (ঘ) “এপ্রিকালচার না বাঁচুক ওয়েল্থ তো বাঁচছে। এটা অস্বীকার করতে পারেন।” বক্তার নাম লেখো। তিনি কাকে একথা বলেছেন ?

৩। যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও :

৫×৩=১৫

- (ক) “সেদিকে দৃষ্টি পড়তে গাছ চমকে উঠল এবং খুশি হল।” প্রসঙ্গটি বিশদ করো।
- (খ) “নাসিমের দীক্ষা হল এতদিনে।” তাৎপর্য বিশ্লেষণ করো।
- (গ) ‘ফসিল’ গল্পে মি. মুখার্জি চরিত্রের গুরুত্ব সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

( 3 )

(ঘ) ‘পরশুরামের কুঠার’ গল্পে প্রসাদী চাচা ও ধনিয়ার সম্পর্কের যে ছবি পাওয়া যায় তার বিবরণ দাও।

(ঙ) ‘গোত্রান্তর’ গল্পের রতনলাল চরিত্রটি আলোচনা করো।

৪। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও :

১০×৩=৩০

(ক) ‘সীমারেখার সীমা’ গল্পের সমাপ্তি কীভাবে হয়েছে আলোচনা করে গল্পটির নামকরণের সার্থকতা বিচার করো।

অথবা

‘সারেঙ’ গল্পের সারেঙ চরিত্রটি আলোচনা করো।

(খ) “এখানেই প্রথম ব্যক্তিকেন্দ্রিক সব দেয়া-নেয়ার সূক্ষ্মাতিসূক্ষ্ম মনস্তাত্ত্বিক বিশ্লেষণের পাশে দেখা দিল অর্থনৈতিক দৃষ্টিভঙ্গির উপর প্রতিষ্ঠিত সমবেত মানুষের দুঃখচেতনা।” ‘ফসিল’ গল্প সম্পর্কে সমালোচকের এই মন্তব্যের যৌক্তিকতা বিচার করো।

অথবা

‘পরশুরামের কুঠার’ গল্পের ধনিয়া চরিত্রটি আলোচনা করো।



(গ) “আপনাদের ভোট দেব কেন, কাউকেই দেব না।”  
বক্তা কেন ভোট দিতে চাননি তা ‘ভোটার সাবিত্রীবালা’  
গল্প অবলম্বনে আলোচনা করো।

অথবা

‘চতুর্থ পাণিপথের যুদ্ধ’ গল্পের নামকরণ যথার্থ হয়েছে  
কিনা, বিচার করো।

\*\*\*